রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৪, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন অধিশাখা-২

## প্রজ্ঞাপন

তারিখ, ১০ নভেম্বর ২০১০

নং পবম/বন শা-২/০২/বন্যপ্রাণী-২/২০০৭/৫৩৯—বন্যপ্রাণী ও মানুষের মধ্যে দ্বন্দ্ব নিরসন; বন্যপ্রাণীর আক্রমণে নিহত ব্যক্তির পরিবার পরিজন ও পঙ্গু মানুষের পুনর্বাসন; বাংলাদেশের জীববৈচিত্র্য সংরক্ষণ; বন ও বন্যপ্রাণী ব্যবস্থাপনায় স্থানীয় জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিতকরণ; বন্যপ্রাণী সংরক্ষণে গণসচেতনতা সৃষ্টি; লোকালয়ে চলে আসা বন্যপ্রাণীর জীবন রক্ষা করা এবং বন্যপ্রাণী ব্যবস্থাপনার উন্নয়নের উদ্দেশ্যে **বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) আদেশ, ১৯৭৩ (পিও নং ২৩)** এর আওতায় সরকার "বন্যপ্রাণীর দ্বারা আক্রান্ত মানুষের জানমালের ক্ষতিপূরণ নীতিমালা, ২০১০" নিম্নবর্ণিতভাবে প্রণয়ন করলেন ঃ

১। **শিরোনামঃ** এই নীতিমালা **"বন্যপ্রাণীর দ্বারা আক্রান্ত মানুষের জানমালের ক্ষতিপূরণ নীতিমালা, ২০১০"** নামে অভিহিত হবে।

২। **প্রয়োগ ঃ** (ক) এ নীতিমালা সমগ্র বাংলাদেশের জন্য প্রযোজ্য হবে;

(খ) এ নীতিমালা সরকারি গেজেট প্রজ্ঞাপনে বর্ণিত তারিখ হতে বলবৎ হবে।

৩। **উদ্দেশ্য ঃ** (ক) বন্যপ্রাণীর দ্বারা আক্রান্ত মানুষ ও জানমালের ক্ষতিপূরণ প্রদানের মাধ্যমে বন্যপ্রাণীর প্রতি মানুষের সহানুভূতি বৃদ্ধি;



মূল্য ঃ টাকা ৪.০০

(খ) বন্যপ্রাণীর আক্রমণে নিহত ব্যক্তির পরিবার-পরিজনের পুনর্বাসন ও বন্যপ্রাণীর আক্রমণে পঙ্গু হওয়া মানুষের পুনর্বাসন;

(গ) বন ও বন্যপ্রাণী সংরক্ষণে স্থানীয় জনসাধাণের অংশগ্রহণ নিশ্চিতকরণ;

(ঘ) ক্ষতিপূরণ প্রদানের মাধ্যমে বিরল ও বিপদাপন্ন বন্যপ্রাণী এবং বন্যপ্রাণীর আবাসস্থল সংরক্ষণে সহায়তা প্রদান;

(ঙ) বন্যপ্রাণীর জীবন ও আবাসস্থল ধ্বংস হতে পারে এরূপ কর্মকাণ্ড থেকে ক্ষতিগ্রস্ত মানুষকে নিবৃত্ত করে বন্যপ্রাণী সংরক্ষণে উদ্বুদ্ধকরণ;

(চ) লোকালয়ে চলে আসা বিপন্ন প্রজাতির বাঘ, হাতি ও কুমির সংক্ষণ করা।

৪। **সংজ্ঞা ঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই নীতিমালায়—

(ক) "বন্যপ্রাণী" অর্থ বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) আদেশ, ১৯৭৩ (পিও নং ২৩) এ বর্ণিত বন্যপ্রাণীকে বুঝাবে।

(খ) "ক্ষতিপূরণ" অর্থ এই নীতিমালায় বর্ণিত বন্যপ্রাণী দ্বারা আক্রমণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা তার পরিবারের জন্য যে ক্ষতিপূরণ ধার্য করা হবে।

৫। **যে সকল বন্যপ্রাণী দ্বারা আক্রান্ত হলে ক্ষতিপূরণ করা যাবে ঃ**

বাঘ, হাতি ও কুমির।

৬। **যে সকল এলাকায় আক্রান্ত মানুষের জানমালের ক্ষতিপূরণ প্রদান করা যাবে ঃ**

(ক) আইনানুগভাবে সরকারি বনাঞ্চলে প্রবেশের অনুমতিপ্রাপ্ত কোন ব্যক্তি বা সরকারি কর্মকর্তা/কর্মচারী বনাঞ্চলের অভ্যন্তরে বিধি ৫-এ বর্ণিত কোন বন্যপ্রাণী দ্বারা আক্রান্ত হলে।

(খ) কোন ব্যক্তি সরকারি বন এলাকার চিহ্নিত সীমানার বাহিরে আক্রান্ত হলে।

(গ) সরকারি বনাঞ্চলের অভ্যন্তরে অনুমতি ব্যতিরেকে প্রবেশের ফলে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ বিধি ৫-এ বর্ণিত বন্যপ্রাণী দ্বারা আক্রান্ত হলেও ক্ষতিপূরণ দেয়া যাবে না।

৭। **ক্ষতিপূরণের ধরণ ও নির্ধারণের হার ঃ**

| ক্রমিক নং | ক্ষতির ধরণ | ক্ষতিপূরণের পরিমাণ |
|---|---|---|
| (i) | মানুষ মারা গেলে | ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) |
| (ii) | মানুষ পঙ্গু হলে | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) |
| (iii) | গবাদিপশু, ঘর-বাড়ী, গাছ-পালা, ফসল ইত্যাদি পরিসম্পদ ক্ষতিগ্রস্ত হলে | সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা) |

**৮। বন্যপ্রাণী দ্বারা আক্রান্ত মানুষের জান-মাল ক্ষয়ক্ষতি নিরূপণ কমিটি ঃ**

বন্যপ্রাণী দ্বারা আক্রমণের ফলে নিহত, পঙ্গু বা পরিসম্পদ ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা বৈধ উত্তরাধিকারী বা মালিক ঘটনার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা সংশ্লিষ্ট ফরেস্ট রেঞ্জ অফিসের রেঞ্জ কর্মকর্তার নিকট ক্ষয়ক্ষতির বিষয়ে নির্ধারিত (নমুনা-ক) ফরমে ক্ষয়ক্ষতির বিবরণ সম্পর্কে অবহিত করতঃ সংশ্লিষ্ট থানায় জিডি ও ডাক্তারী সনদপত্র সংযুক্ত করে ক্ষতিপূরণ দাবী করবেন। উক্ত আবেদন প্রাপ্তির পরে নিম্নবর্ণিত কমিটি কর্তৃক ক্ষতিপূরণ দাবীর বিষয়ে সরেজমিনে তদন্ত করা হবে।

**কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (ক) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | - | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | - | সদস্য |
| (গ) | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সদস্য | - | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষক/রেঞ্জ কর্মকর্তা | - | সদস্য-সচিব |

তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত করে, গবাদি পশু, ঘর-বাড়ী, ফসলাদির ক্ষতি নিরূপণ ও জীবন হানির ব্যাপারে সত্যতা যাচাই করে মতামতসহ সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তার নিকট তাঁদের মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করবেন।

**৯। ক্ষতিপূরণ মঞ্জুর ঃ**

(ক) বিভাগীয় বন কর্মকর্তা "বন্যপ্রাণীর আক্রমণে মানুষের জানমাল ক্ষয়ক্ষতি নিরূপণ কমিটি" এর প্রতিবেদন ও ক্ষতিপূরণ আবেদন প্রাপ্তির পর উহা পর্যালোচনা করে সুপারিশ সহকারে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট বন সংরক্ষকের নিকট আর্থিক মঞ্জুরীর জন্য প্রেরণ করবেন। বন সংরক্ষক সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দ ও দাবিকৃত অর্থ মঞ্জুরী প্রদানের জন্য "চীফ ওয়াইল্ডলাইফ ওয়ার্ডেন" (প্রধান বন সংরক্ষক) এর নিকট প্রেরণ করবেন।

(খ) আর্থিক মঞ্জুরী প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা মৃত ব্যক্তির ওয়ারিশ এর নিকট কমিটির সদস্যগণের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে ক্ষতিপূরণের অর্থ চেক এর মাধ্যমে হস্তান্তর করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মিহির কান্তি মজুমদার**
সচিব।

ফরম-ক

## বন্যপ্রাণীর আক্রমণে জান-মালের ক্ষতিপূরণ দাবীর আবেদনপত্র

| ক্রমিক নং | | বিবরণ | নীতিমালা অনুসারে দাবীকৃত ক্ষতির পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারীর নাম ঃ | |
| | (খ) | পিতা/মাতা/স্বামীর নাম ঃ | |
| | (গ) | ঠিকানা ঃ | |
| | | বাড়ী ঃ | |
| | | গ্রাম ঃ | |
| | | ইউনিয়ন ঃ | |
| | | পোস্ট অফিস ঃ | |
| | | থানা ঃ | |
| | | জেলা ঃ | |
| ২। | বন্যপ্রাণীর আক্রমণে নিহত বা আহত ব্যক্তির পূর্ণাংগ বিবরণ ও ক্ষতির ধরণ ঃ | | |
| | (ক) | নিহত/আহত ব্যক্তির নাম ঃ | |
| | | পিতা/মাতা/স্বামীর নাম ঃ | |
| | (খ) | বয়স ঃ | |
| | (গ) | ঠিকানা ঃ | |
| | | বাড়ী ঃ | |
| | | গ্রাম ঃ | |
| | | ইউনিয়ন ঃ | |
| | | পোস্ট অফিস ঃ | |
| | | থানা ঃ | |
| | | জেলা ঃ | |
| | (ঘ) | নিহত/আহত হওয়ার স্থান ঃ | |
| | (ঙ) | আঘাতের বিস্তারিত বর্ণনা ঃ | |
| | (চ) | ক্ষতির ধরণ (নিহত/আহত) ঃ | |
| | (ছ) | সংশ্লিষ্ট থানায় দায়েরকৃত জিডির কপি ঃ | |
| | (জ) | ডাক্তারী সনদপত্র ঃ | |
| | (ঝ) | সরকারি বনাঞ্চলের অভ্যন্তরে নিহত/আহত হলে সংশ্লিষ্ট বন কর্মকর্তার কর্তৃক দেয় প্রবেশের অনুমতিপত্র ঃ | |
| ৩। | গবাদি পশুর জীবনহানি অথবা আহত হওয়া সম্পর্কে ঃ | | |
| | (ক) | মৃত গবাদি পশুর শ্রেণী ও সংখ্যা ঃ (গরু/ভেড়া/ছাগল/মহিষ/বাছুর ইত্যাদি) | |
| | (খ) | আহত গবাদি পশুর শ্রেণী ও সংখ্যা ঃ (গরু/ভেড়া/ছাগল/মহিষ/বাছুর ইত্যাদি) | |

| | | | |
|---|---|---|---|
| ৪। | ফসলের নাম ও ক্ষয়-ক্ষতি সম্পর্কে (ম্যাপসহ) ঃ | | |
| | (ক) | ফসলের নাম ও ক্ষতিগ্রস্ত এলাকার পরিমাণ ঃ | |
| | (খ) | জমির বিবরণ ঃ (মৌজা, জে এল নং, খতিয়ান নং, প্লট নং ও জমির পরিমাণ) | |
| ৫। | বাসস্থানের ক্ষতি (আংশিক/সম্পূর্ণ ) ঃ | | |
| | (ক) | পাকা ঘরের সংখ্যা ও ক্ষতির পরিমাণ ঃ | |
| | (খ) | আধা-পাঁকা ঘরের সংখ্যা ও ক্ষতির পরিমাণ ঃ | |
| | (গ) | টিনের ঘরের সংখ্যা ও ক্ষতির পরিমাণ ঃ | |
| | (ঘ) | কাঁচা ঘরের সংখ্যা ও ক্ষতির পরিমাণ ঃ | |

আবেদনকারীর
নাম ও স্বাক্ষর

৬। কমিটির সদস্যদের সুপারিশ ঃ

৭। কমিটির সদস্যদের স্বাক্ষর ঃ

৮। বিভাগীয় বন কর্মকর্তার সুপারিশসহ স্বাক্ষর ঃ

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd